# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

**নিয়োগ বিজ্ঞপ্তি (টেকনিক্যাল পদ)**

নং সংস্থা/ব-৩৩৯/রে-৬৭১৮ তারিখঃ ১৭/০২/২০২৬ ইং।

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নে বর্ণিত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম. নং | পদের নাম, গ্রেড, বেতন স্কেল ও অফিস/বিভাগের নাম (বেতন স্কেল ২০১৫) | শূন্য পদ | চাহিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ড্রাফটসম্যান, গ্রেড-১১, স্কেলঃ ১২৫০০-৩০২৩০/-<br>বিভাগঃ আই.পি.ই. বিভাগ। | ১ | প্রার্থীকে বি.এস.সি পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যান কাম ক্যাড বিষয়ে (Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদি) প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। অথবা এইচ.এস.সি পাশসহ ভোকেশনাল ইন ড্রাফটিং-এ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেডকোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ড্রাফটসম্যান পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে এবং তৎসহ Auto CAD, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদিতে দক্ষতা থাকিতে হইবে। |
| ২ | সিএনসি মিলিং মেশিন অপারেটর কাম মডেল মেকার/ডিজাইনার, গ্রেড-১১, স্কেলঃ ১২৫০০-৩০২৩০/-<br>বিভাগঃ নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগ। | ১ | প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান অথবা সমমানের (বিজ্ঞান) পরীক্ষায় পাশসহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স সম্পন্নসহ সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে এবং কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে CNC Milling Machine পরিচালনাসহ AutoCAD, Mastercam এবং SolidWorks Software ব্যবহার করে সিএনসি মিলিং মেশিনের মাধ্যমে বিভিন্ন প্রকার মডেল তৈরী করার কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| ৩ | ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান, গ্রেড-১১,<br>স্কেলঃ ১২৫০০-৩০২৩০/-<br>অফিসঃ ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপের ০১টি এবং কেন্দ্রীয় ইন্সট্রুমেন্ট ওয়ার্কশপের ০১টি পদ। | ২ | প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসহ কমপক্ষে বি.এস.সি. পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। *অথবা* সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি. ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট যন্ত্রপাতি (ল্যাবঃ ইকুইপমেন্টস/ইলেকট্রো মেকানিক্যাল যন্ত্রপাতি/প্রজেক্টর/কম্পিউটার এক্সেসরিজ মেরামত ও ইন্সটলেশন ইত্যাদি) মেরামতের কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |
| ৪ | ফার্মাসিস্ট, গ্রেড-১১, স্কেলঃ ১২৫০০-৩০২৩০/-<br>অফিসঃ মেডিক্যাল সেন্টার। | ১ | প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসহ কমপক্ষে বি.এস.সি. (ফার্মাসি) পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। অথবা বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ ইনস্টিটিউট অব পাবলিক হেলথ হতে ডিপ্লোমা ইন ফার্মাসী কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ফার্মাসিস্ট পদে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |
| ৫ | ক্রাফট ইন্সট্রাক্টর, গ্রেড-১৩, স্কেলঃ ১১০০০-২৬৫৯০/-<br>অফিসঃ ডিএইআরএস অফিসের অধীন মেশিন শপের ০১টি এবং শীট মেটাল শপের ০১টি পদ। | ২ | প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। ***অথবা*** এইচ.এস.সি বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড কোর্সসহ ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। CAD/CAM জানা প্রার্থীদের অগ্রাধীকার দেওয়া হইবে। |
| ৬ | ডাটা এন্ট্রি অপারেটর, গ্রেড-১৩, স্কেলঃ ১১০০০-২৬৫৯০/-, অফিসঃ ছাত্রকল্যাণ পরিদপ্তরের ০১টি এবং ডিসিই-এর ০১টি পদ। | ২ | প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৭ | ল্যাব ইন্সট্রাক্টর কাম-স্টোর কীপার, গ্রেড-১৩<br>স্কেলঃ ১১০০০-২৬৫৯০/-<br>বিভাগঃ পদার্থ বিজ্ঞান। | ১ | প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। ***অথবা*** এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৮ | ড্রাইভার (ভারী), গ্রেড-১৫, স্কেলঃ ৯৭০০-২৩৪৯০/-<br>অফিসঃ ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপ। | ৩ | প্রার্থীকে অবশ্যই ৮ম শ্রেণী পাশসহ ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৯ | ড্রাইভার (হালকা), গ্রেড-১৬, স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-,<br>অফিসঃ ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপ। | ১ | প্রার্থীকে অবশ্যই ৮ম শ্রেণী পাশসহ হালকা/ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১০ | ইলেকট্রিশিয়ান, গ্রেড-১৬, স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>অফিসঃ প্রধান প্রকৌশলীর কাযালয়। | ১ | প্রার্থীকে এস.এস.সি পাশ এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজী এবং ইলেকট্রিক্যাল ওয়ারিং-এ ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| | | | |
|---|---|---|---|
| ১১ | বাবুর্চি, গ্রেড-১৬, স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>হলঃ আহসান উল্লাহ হল। | ১ | প্রার্থীকে এস.এস.সি পাশসহ সংশ্লিষ্ট লাইনে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা প্রাপ্ত হইতে হইবে। |
| ১২ | ল্যাব এটেনডেন্ট, গ্রেড-১৭, স্কেলঃ ৯০০০-২১৮০০/-<br>অফিস/বিভাগঃ আই.পি.ই বিভাগের ০১টি, পুরকৌশল বিভাগের ০১টি, পদার্থবিজ্ঞান বিভাগের ০১টি, রসায়ন বিভাগের ০১টি এবং আই.আই.সি.টি-এর ০১টি পদ। | ৫ | প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সসহ ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৩ | শপ এটেনডেন্ট, গ্রেড-১৭,স্কেলঃ ৯০০০-২১৮০০/-<br>অফিসঃ ডিএইআরএস অফিসের অধীন শীট মেটাল শপের ০১টি, ওয়েল্ডিং শপের ০১টি, ফাউন্ড্রি শপের ০১টি, অটোমোবাইল শপের ০১টি পদ। | ৪ | প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৪ | লিফটম্যান, গ্রেড-১৭, স্কেলঃ ৯০০০-২১৮০০/-<br>অফিসঃ প্রধান প্রকৌশলীর কার্যালয়। | ১ | প্রার্থীকে এস.এস.সি পরীক্ষায় পাশ এবং ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স-এ ট্রেড কোর্সসহ লিফট অপারেটিং ও রক্ষণাবেক্ষণ কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। লিফট সংক্রান্ত অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধীকার দেওয়া হইবে। |
| ১৫ | লিফট অপারেটর, গ্রেড-১৭, স্কেলঃ ৯০০০-২১৮০০/-<br>হলঃ স্বাধীনতা হল। | ৪ | প্রার্থীকে এস.এস.সি পরীক্ষায় পাশ এবং ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স-এ ট্রেড কোর্সসহ লিফট অপারেটিং ও রক্ষনাবেক্ষণ কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। লিফট সংক্রান্ত অধিকতর যোগ্যতা সম্পন্ন এবং মহিলা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৬ | সহকারী ইলেক্ট্রিশিয়ান, গ্রেড-১৭, স্কেলঃ ৯০০০-২১৮০০/-<br>অফিসঃ প্রধান প্রকৌশলীর কার্যালয়। | ১ | প্রার্থীকে এস.এস.সি পাশ এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজী এবং ইলেকট্রিক্যাল ওয়ারিং-এ ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ৬ (ছয়) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৭ | হোয়াইট ওয়াশ মিস্ত্রী, গ্রেড-১৯, স্কেলঃ ৯০০০-২১৮০০/-<br>অফিসঃ প্রধান প্রকৌশলীর কার্যালয়। | ১ | প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি. ভোকেশনাল ইন সিভিল পাশ হইতে হইবে। অথবা প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষা পাশসহ কোন খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে হোয়াইট ওয়াশ/রং মিস্ত্রি হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৬(ছয়) মাসের ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে। |
| ১৮ | ফটোকপি অপারেটর, গ্রেড-১৮, স্কেলঃ ৮৮০০-২১৩১০/-<br>অফিসঃ রেজিস্ট্রার অফিস। | ১ | প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। Duplicating Machine/Scanner/ফটোকপি মেশিন চালানো ও রক্ষণাবেক্ষণের কাজের নূন্যতম তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৯ | লাইব্রেরী এটেনডেন্ট, গ্রেড-১৯, স্কেলঃ ৮৫০০-২০৫৭০/-<br>অফিসঃ কেন্দ্রীয় লাইব্রেরী। | ১ | প্রার্থীকে এস.এস.সি পাশসহ লাইব্রেরীর কাজে কমপক্ষে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২০ | সহকারী টেলিফোন লাইনম্যান, গ্রেড-১৯, স্কেলঃ ৮৫০০-২০৫৭০/-<br>অফিসঃ প্রধান প্রকৌশলীর কার্যালয়। | ১ | প্রার্থীকে এস.এস.সি পাশ হইতে হইবে এবং সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে। |
| ২১ | সহকারী হোয়াইট ওয়াশ মিস্ত্রী, গ্রেড-১৯, স্কেলঃ ৮৫০০-২০৫৭০/-, অফিসঃ প্রধান প্রকৌশলীর কার্যালয়। | ১ | প্রার্থীকে জেএসসি পরীক্ষায় পাশসহ হোয়াইটওয়াশ ও পেইন্টিং-এর কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২২ | ভেহিক্যাল হেলপার, গ্রেড-২০, স্কেলঃ ৮২৫০-২০০১০/-<br>অফিসঃ ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপ। | ১ | প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে। |

বি: দ্র: ক্রমিক নং ১ হইতে ৭, ১০ হইতে ১৬, ১৮, ১৯ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হয়েছেন এবং ডিগ্রী অর্জন করেছেন তাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হবে না।"

অনলাইনে https://recruitment.buet.ac.bd/ সাইটের মাধ্যমে বিভাগ/অফিস ভিত্তিক প্রতিটি পদের জন্য আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীদের অনাপত্তিপত্র/অগ্রায়ণপত্র অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া ও আবেদনের ফি পরিশোধের প্রক্রিয়া সাইটের "Application Guideline" মেনুতে বর্ণনা করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ থেকে কেবলমাত্র যোগ্য/বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করা হবে। ক্রমিক নং ১ হতে ৪ নং পদের জন্য ৮ঃ ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক নং ৫ হতে ১১ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৮ঃ ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং ১২ হতে ২২ পর্যন্ত প্রতিটি পদের জন্য ১০০/- (একশত) টাকা অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। আবেদনে উল্লেখিত তথ্যে/আপলোডকৃত সার্টিফিকেটে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে আপলোডকৃত সার্টিফিকেট/মার্কশীটের মূলকপি যাচাইকালে কোন অসঙ্গতি/অসত্য/ভুল পাওয়া গেলে কিংবা আবেদনকারীর যোগ্যতা চাহিদাকৃত যোগ্যতার কম হলে যে কোন পর্যায়ে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য হবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী ০৫ বছর চাকুরীর জন্য আবেদন করলে তা বিবেচিত হবে না। নিয়োগকালীন সময় প্রার্থী শিক্ষাগত যোগ্যতা গোপন করলে এবং পরবর্তীতে বিষয়টি ধরা পড়লে নিয়োগ বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারবে। নিয়োগপ্রাপ্ত প্রার্থী যোগদান পরবর্তী অবেক্ষাধীনকাল সম্পন্ন হওয়ার পুর্বে স্বেচ্ছায় চাকুরী থেকে অব্যাহতি নিলে কিংবা অত্র বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ কোন পদে যোগদান করে, তাহলে তার গৃহীত আর্থিক সুবিধাদি ফেরত প্রদান করতে হবে। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচিত প্রার্থীদের পরীক্ষার স্থান, তারিখ ও সময় ই-মেইল ও এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী তার Admit Card ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবে।

আবেদন সংশ্লিষ্টে কোন তথ্যের প্রয়োজন হলে recruitment@regtr.buet.ac.bd এ ই-মেইল করা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েটের ওয়েবসাইট (regoffice.buet.ac.bd)-এ প্রকাশ করা হবে।

**অনলাইনে আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ ঃ ১৬/০৩/২০২৬ খ্রিঃ**

(অধ্যাপক ড. এন. এম. গোলাম জাকারিয়া)
রেজিস্ট্রার (অ.দা.)

নং সংস্থা/ব-৩৩৯/রে-৬৭১৮

তারিখঃ ১৭/০২/২০২৬ ইং।

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ):

১। ডিন, সকল অনুষদ, বা.প্র.বি., ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বা.প্র.বি., ঢাকা।
৩। পরিচালক, আইসিটি সেল, বা.প্র.বি., ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। পি.এস টু ভিসি, বা.প্র.বি., ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিনিঃ প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বা.প্র.বি., ঢাকা (ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য)।
৬। এ.পি.এস টু প্রো-ভিসি, বা.প্র.বি., ঢাকা (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। গার্ড ফাইল।